



রূপালী ব্যাংক লিমিটেড

Rupali Bank Limited

প্রধান কার্যালয় : ৩৪, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

আন্তর্জাতিক বিভাগ

পরিপত্র নং প্রকা/ আবি/ ২০১১/৯৩

তারিখ : ০১.০৮.২০১১ ইং

সকল শাখা, আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহের প্রতি

বিষয় : Western Union Money Transfer ব্যবস্থাদীনে প্রাপ্ত বৈদেশিক রেমিটেন্সের অর্থ পরিশোধ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, Western Union Money Transfer-এর বিশ্বব্যাপী নেটওয়ার্কের সাথে রূপালী ব্যাংক লিমিটেড এর সকল শাখাকে যুক্ত করা হয়েছে। এ মাধ্যমে রেমিটেন্স সেবাকে দ্রুততর ও কার্যকর করার লক্ষ্যে ইতোমধ্যে ব্যাংকের প্রতিটি অঞ্চলে Western Union Money Transfer- MINI CSC স্থাপন করা হয়েছে এবং এসব অঞ্চলাধীন শাখাসমূহ তাদের স্ব স্ব MINI CSC-এর মাধ্যমে ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে আগত রেমিটেন্স এর নিশ্চয়তা নিয়ে গ্রাহক সেবা প্রদান করে আসছে। বর্তমানে এ ব্যবস্থাদীনে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পাওয়ায় এবং আসন্ন পবিত্র রমজান এবং ঈদুল আযহা উপলক্ষ্যে রেমিটেন্সের পরিমাণ আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকায় এ ব্যবস্থাকে আরও সম্প্রসারণ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ইতোমধ্যে অনেক শাখা ও আঞ্চলিক কার্যালয় ইতোমধ্যে আমাদেরকে টেলিফোনে এবং পত্র মারফত তাদের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে নিজ নিজ শাখা হতে নিজস্ব কম্পিউটারের মাধ্যমে সরাসরি ওয়েস্টার্ন ইউনিয়নের অর্থ পরিশোধের ইচ্ছা ব্যক্ত করেছেন। এ প্রেক্ষিতে সকল অঞ্চলসমূহ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে অঞ্চলাধীন শাখাসমূহের রেমিটেন্স সেবাকে আরও গতিশীল ও কার্যকর করতে পরামর্শ দেয়া যাচ্ছে :

১. যে সকল শাখায় বর্তমানে দৈনিক গড়ে কমপক্ষে ৪-৫টি করে ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে আগত রেমিটেন্স প্রদান করছে এবং উক্ত শাখায় অতিরিক্ত একটি কম্পিউটার (আইবিএস সফটওয়্যারের বাইরে) ও প্রিন্টার রয়েছে এবং তা পরিচালনার জন্য দক্ষ পোক রয়েছে সে সকল শাখায় অঞ্চল প্রধানের অনুমতি সাপক্ষে একটি মডেম ক্রয় করে প্রধান কার্যালয়ের কাস্টমার সার্ভিস সেন্টারের সাথে আলোচনা করে সফটওয়্যার স্থাপন করে সরাসরি সার্ভিস দেওয়ার ব্যবস্থা করতে পারবেন।

উপরিউক্ত সকল ক্ষেত্রেই প্রয়োজনীয় সরঞ্জামাদি সংগ্রহপূর্বক আঞ্চলিক কার্যালয় হতে সফটওয়্যারের সিডি সংগ্রহপূর্বক ওয়েস্টার্ন ইউনিয়নের স্থানীয় টেরিটরি স্পেশালিস্ট (টিএস)-দের সহযোগিতা গ্রহণের পরামর্শ দেয়া যাচ্ছে।

Western Union Money Transfer এর মাধ্যমে বৈদেশিক রেমিটেন্স পরিশোধের জন্য সকল শাখাসমূহকে এ সংক্রান্ত যেকোনো প্রকার সমস্যায় দিকনির্দেশনা ও সহযোগিতা প্রদানের লক্ষ্যে আন্তর্জাতিক বিভাগে স্থাপিত সেবা ও মনিটরিং সেল তথা 'কাস্টমার সার্ভিস সেন্টার (CSC) সর্বদা তৎপর রয়েছে। এতদসংক্রান্ত বিষয়ে উক্ত সেলে কর্তব্যরত নিম্নলিখিত কর্মকর্তাগণের সাথে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

কাস্টমার সার্ভিস সেন্টার (CSC)

৯৫৬৯১৫৯

১. জনাব এ কে এম জাকির হোসেন

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

০১৭১৬-৫০৫৫৮৬

২. জনাব মিহির কুমার সরকার

অফিসার

০১৭২৪-১১২৮৫৯

কর্তৃপক্ষ আশী পোষণ করছেন এ পরিপত্রের নির্দেশাবলী অনুসরণপূর্বক **Western Union Money Transfer** এর মাধ্যমে প্রাপ্ত রেমিটেন্সের অর্থ দ্রুত পরিশোধের ক্ষেত্রে শাখাসমূহ নিষ্ঠার সাথে কাজ করবে এবং আঞ্চলিক প্রধানগণ এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবেন যা ব্যাংকের রেমিটেন্স ব্যবসা বৃদ্ধিতে সফল অবদান রাখতে সক্ষম হবে।

উল্লেখ্য, ইন্তেহারটি ব্যাংকের ওয়েব সাইট www.rupalibank.org থেকেও সংগ্রহ করা যাবে।

(মাজহারুল হক.)

সহকারী মহাব্যবস্থাপক

(হাসনে আলম)

উপ-মহাব্যবস্থাপক

৯৩